তারিখ ... 04 APR 1990
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৭ ...

দৈনিক সংবাদ

63

ডাকসুর সভা

# ক্যাম্পাসের নিরাপত্তার জন্য সন্ত্রাসীদের গ্রেফতারের দাবী

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় সংসদ (ডাকসু) আগামী ৭ই এপ্রিল ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার সিদ্ধান্তের প্রেক্ষিতে ক্যাম্পাসের পরিবেশকে সন্ত্রাসমুক্ত ও নিরাপদ রাখার লক্ষ্যে সকল সন্ত্রাসী, অস্ত্রধারী ও খুনের আসামীদের গ্রেফতার করার জন্য সরকারের কাছে দাবী জানিয়েছে।

গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত ডাকসুর এক সভায় এই দাবী জানানো হয়।

ডাকসু ভবনে অনুষ্ঠিত সভায় হলগুলো খুলে দেয়ার সময় হলে যেন কোন অস্ত্রধারী বহিরাগত ও অবাঞ্ছিত ব্যক্তিরা প্রবেশ করতে না পারে তার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে কঠোরভাবে প্রোকটোরিয়াল বিধি বিধান প্রয়োগ করার জন্য আহ্বান জানানো হয়।

সভায় অবলিম্বে সিনেটকে কার্যকর করার দাবী এবং ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার দিনে ছাত্র শিক্ষক কর্মকর্তা কর্মচারীদের সাধারণ সভা আহ্বান করে সন্ত্রাসমুক্ত ক্যাম্পাস প্রতিষ্ঠার পদক্ষেপ গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে প্রস্তাব রাখা হয়।